



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ১৯ /২০১৩

তারিখ : ১৮ আশ্বিন, ১৪২০
০৩ অক্টোবর, ২০১৩

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।
প্রিয় মহোদয়,

আসন্ন ঈদ-উল-আযহা ও দুর্গাপূজা উপলক্ষে শুক্র স্টেশন চালু রাখা প্রসঙ্গে ।

অত্র ডিপার্টমেন্টের ০৭/১২/২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। উক্ত সার্কুলার লেটারে দেশের বৈদেশিক বাণিজ্য ও লেনদেনের সুবিধার্থে বানিজ্যিক ব্যাংকগুলোর নিম্নবর্ণিত স্থানগুলোতে অবস্থিত বৈদেশিক মুদ্রা লেনদেনকারী সব শাখা (অথরাইজড ডিলার) পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রতি শুক্র ও শনিবার খোলা রাখার নির্দেশনা দেয়া হয় :

ক) বিমানবন্দর - ঢাকা ও চট্টগ্রাম, খ) সমুদ্র/নৌ বন্দর- চট্টগ্রাম ও মংলা, গ) স্থল বন্দর - বেনাপোল, সোনামসজিদ, হিলি, আইসিডি(কমলাপুর) ।

এছাড়া দেশের অপরাপর স্থানে অবস্থিত আমদানী-রপ্তানী বানিজ্য লেনদেন সংশ্লিষ্ট অন্যান্য অথরাইজড ডিলার শাখাগুলোর মধ্যে যে সব শাখা খোলা রাখা প্রয়োজন সে সব শাখা ব্যাংকগুলো স্বীয় বিবেচনায় শনিবার খোলা রাখতে পারবে মর্মেও নির্দেশনা রয়েছে ।

০৩। এক্ষণে, এ মর্মে নির্দেশনা দেয়া যাচ্ছে যে, আসন্ন ঈদ-উল-আযহা ও দুর্গাপূজা উপলক্ষে বাজারে পিয়াজের সরবরাহ ও মূল্য স্থিতিশীল রাখার স্বার্থে ভারত থেকে পিয়াজ আমদানি নিরবচ্ছিন্ন রাখার সুবিধার্থে পবিত্র ঈদ-উল-আযহা ও দুর্গাপূজার ছুটির পূর্ববর্তী সকল সাপ্তাহিক ছুটির দিনে (শুক্র ও শনিবার) বাংলাদেশ-ভারত সীমান্তের অন্যান্য স্থানে অবস্থিত স্থল বন্দরসমূহেও কার্যরত তফসিলি ব্যাংকগুলোর সকল শাখা খোলা থাকবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(অসীম কুমার মজুমদার)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২৬১ ।